

প্রেস বিজ্ঞপ্তি
তারিখ: ০১ এপ্রিল ২০২৪

বরাবর,
বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদক/ এসাইনমেন্ট অফিসার

বিষয়: জাতীয় ও স্থানীয় শ্রমিক নেতৃবৃন্দের সাথে রপ্তানীমুখী শিল্পের কর্মহীন ও দুঃস্থ শ্রমিকদের জন্য সামাজিক সহায়তা কার্যক্রম বিষয়ক কর্মশালা।

মহোদয়,
কর্মজীবী নারীর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা জানবেন!

কর্মজীবী নারী একটি বেসরকারি উন্নয়ন সংগঠন হিসেবে ১ মে ১৯৯১ সাল থেকে কাজ করছে। এই সংগঠনের লক্ষ্য হচ্ছে নারী ও পুরুষের সমতা আনয়ন, নারী ও নারীশ্রমিকের অধিকার প্রতিষ্ঠা এবং উন্নয়নের মূল ধারায় তাদের সম্পৃক্ত করা। প্রথম থেকেই কর্মজীবী নারী আইএলও কনভেনশন ও দেশে প্রচলিত শ্রমআইনসহ অন্যান্য আইন অনুযায়ী নারী ও নারীশ্রমিকের অধিকার আদায়ের জন্য কাজ করে আসছে। অধিকার আদায়ে নারীশ্রমিককে এই সংগঠন সচেতন করেছে, সংগঠিত করেছে এবং তাদের নেতৃত্ব বিকাশেও কাজ করেছে। এ কাজের অংশ হিসাবে রপ্তানীমুখী শিল্পের কর্মহীন ও দুঃস্থ শ্রমিকদের জন্য সামাজিক সহায়তা কার্যক্রমের সাথেও যুক্ত হয়েছে।

আপনারা অবগত আছেন যে, ২০২০ সালে বিশ্বব্যাপী করোনা মহামারীকালীন সময়ে, ইউরোপিয়ান ইউনিয়ন ও জার্মান সরকারের আর্থিক সহায়তায় বাংলাদেশ সরকার রপ্তানীমুখী শিল্প কারখানার কর্মহীন ও দুঃস্থ শ্রমিকদের জন্য একটি সামাজিক সুরক্ষা কার্যক্রম চালু করে ও রপ্তানীমুখী শিল্পের কর্মহীন হয়ে পড়া ও দুঃস্থ শ্রমিকদের সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০২০ (সংশোধিত- ২০২২ অনুযায়ী প্রচলিত হয় এবং সংক্ষিপ্তভাবে SPPUDW (Social Protection Programme for Unemployed and Distressed Workers of Export Oriented Industries) হিসাবে পরিচিত। এই কার্যক্রমের আওতায় সরকার প্রাথমিকভাবে রপ্তানীমুখী তৈরি পোশাক এবং জুতা ও চামড়াজাত পণ্য শিল্পের ৪টি মালিক সংগঠনের আওতাভুক্ত কারখানার শ্রমিকদের শর্ত পূরণ ও যাচাই সাপেক্ষে নির্দিষ্ট পরিমাণ আর্থিক সহায়তা প্রদান করছে।

এ উপলক্ষে আগামী ২ এপ্রিল ২০২৪ রোজ মঙ্গলবার, সকাল (১০.৩০ টা থেকে দুপুর ১ টা) বিসিসিপি, বাড়ি নং: ০৮, রোড: ০৩, বোক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা-১২১৬ জাতীয় ও স্থানীয় শ্রমিক নেতৃবৃন্দের সাথে রপ্তানীমুখী শিল্পের কর্মহীন ও দুঃস্থ শ্রমিকদের জন্য সামাজিক সহায়তা কার্যক্রম বিষয়ক কর্মশালার আয়োজন করেছে। উক্ত কর্মশালায় সভাপতিত্ব করবেন কর্মজীবী নারীর সহ-সভাপতি উম্মে হাসান ঝলমল।

উপস্থিত থাকবেন এবং বক্তব্য প্রদান করবেন ক্ষুদ্র এম কেদ্রীয় নেতৃবৃন্দ, বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ এবং নাগরিক সমাজের প্রতিনিধি।

অনুগ্রহপূর্বক উক্ত আয়োজনে আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক / দর্শক নন্দিত টেলিভিশন চ্যানেল / বার্তা সংস্থার পক্ষ থেকে একজন প্রতিবেদক ও একজন চিত্র সাংবাদিক / ক্যামেরা ক্রু পাঠানোর অনুরোধ করছি।

বার্তা প্রেরক

রাজীব আহমেদ
সমন্বয়ক, (প্রোগ্রাম) কর্মজীবী নারী
যোগাযোগ: ০১৭২৬২৯১৬৬৪